# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 22-02-2025** **Time: 7-50 A.M.**

---

বিশেষ বিশেষ খবর –

১) বাংলার বাড়ি প্রকল্পে উপভোক্তারা এখন দ্বিতীয় কিস্তির টাকার অপেক্ষা না করে নিজেরাই বাড়ি তৈরির কাজ সম্পূর্ণ করতে পারবেন।

২) দক্ষিণ ২৪ পরগণার চম্পাহাটিতে ভোটারতালিকায় অন্য জেলার বাসিন্দাদের নাম থাকাকে কেন্দ্র করে শুরু হয়েছে রাজনৈতিক তরজা।

৩) মাদ্রাসা শিক্ষা দপ্তরের অধীন মাধ্যমিক শিক্ষাকেন্দ্র, মাদ্রাসা শিক্ষাকেন্দ্র ও শিশু শিক্ষা কেন্দ্রগুলির অস্থায়ী ও চুক্তিভিত্তিক কর্মীদের অবসরের বয়স এবং অবসরকালীন সুযোগ সুবিধা বাড়ছে।

৪) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল আকাশবাণীতে মন কি বাত অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন।

৫) উর্ধ্বমুখী চালের দাম নিয়ন্ত্রণে রাজ্যের বাজারগুলিতে হানা দিচ্ছে বাজারদর নিয়ন্ত্রণে গঠিত টাস্কফোর্স।

৬) দক্ষিণবঙ্গের জেলাগুলিতে আগামীকাল পর্যন্ত ঝড় বৃষ্টির পূর্বাভাস আবহাওয়া দপ্তরের।

৭) আইএসএল ফুটবলে ইস্টবেঙ্গল আজ ৩-১ গোলে পাঞ্জাব এফসিকে হারিয়ে দিয়েছে।

---

বাংলার বাড়ি প্রকল্পে প্রথম কিস্তির টাকা হাতে পাওয়ার পরে দ্বিতীয় কিস্তির জন্যে অপেক্ষা না করে যদি কোন উপভোক্তা নিজেরাই বাড়ি তৈরির কাজ সম্পূর্ন করতে চায় তবে তার অনুমতি দেওয়া হবে। পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরের তরফে প্রতিটি জেলা শাসকের কাছে এইমর্মে পাঠানো হয়েছে নির্দেশ। বাড়ির কাজ সম্পূর্ণ করার জন্য আগামী জুন মাসে তাদের দ্বিতীয় কিস্তির ৬০ হাজার টাকা পেতে কোন অসুবিধা হবে না বলেও জানানো হয়েছে। উল্লেখ্য এই প্রকল্পে রাজ্য সরকার ইতিমধ্যেই প্রথম কিস্তির যে ৬০ হাজার টাকা করে দিয়েছে সেখানে ঐ টাকায় বাড়ির লিন্টন পর্যন্ত কাজ সম্পূর্ন করার কথা বলা হয়েছে। এরপরে ব্লক প্রশাসনের পক্ষ থেকে কাজ যাচাই করে দেখার পরে ইউটিলাইজেশন সার্টিফিকেট পাঠালে সংশ্লিষ্ট উপভোক্তাকে দ্বিতীয় কিস্তির টাকা দেওয়ার কথা।

------------------------

রাজ্যের মাদ্রাসা শিক্ষা দফতরের অধীন মাধ্যমিক শিক্ষা কেন্দ্র, মাদ্রাসা শিক্ষা কেন্দ্র, শিশু শিক্ষা কেন্দ্র গুলির অস্থায়ী ও চুক্তিভিত্তিক শিক্ষক-অশিক্ষক কর্মচারীদের অবসরের বয়স এবং অবসরকালীন সুযোগ-সুবিধা বাড়ানো হয়েছে। এখন থেকে তারা ৬৫ বছর বয়স পর্যন্ত কাজ করতে পারবেন। অবসরকালীন এককালীন অনুদান তিন লক্ষ টাকা থেকে বাড়িয়ে করা হয়েছে পাঁচ লাখ টাকা। অবসরের সময় এককালীন ভাতা হিসেবে ওই টাকা পাবেন তাঁরা। রাজ্যের সংখ্যালঘু বিষয়ক ও মাদ্রাসা শিক্ষা দফতর গতকাল এই মর্মে একটি বিজ্ঞপ্তি জারি করেছে। গত বছরের পয়লা এপ্রিল থেকে তাদের জন্য এই সুবিধা কার্যকর হবে বলে বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে।

প্রসঙ্গত গত বছর লোকসভা ভোটের আগে ক্যাজুয়াল, দৈনিক ভাতা, চুক্তিভিত্তিক কর্মীদের চাকরির বয়স এবং ভাতা বাড়ানোর কথা ঘোষণা করে রাজ্য সরকার।

------------------------

কেন্দ্রীয় সরকারের নজরদারির অভাবের কারণেই জাল ওষুধের ব্যবহারেও দেশে হাজার হাজার মানুষের মৃত্যু হচ্ছে বলে বর্ধমান-দুর্গাপুরের তৃণমূল কংগ্রেস সাংসদ কীর্তি আজাদ অভিযোগ করেছেন। আজ দুর্গাপুরে এইএসআই হাসপাতালে একটি অনুষ্ঠানে যোগ দিয়ে তিনি বলেন, কেন্দ্র যাদের ওষুধের লাইসেন্স দিচ্ছে, তারাই জাল ওষুধ বিক্রি করছে। এর বিরুদ্ধে মানুষকে সজাগ হওয়ার পরামর্শ দিয়েছেন তিনি। এদিনের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাজ্যের মন্ত্রী মলয় ঘটক। তিনি বলেন, ইএসআই হাসপাতালে ক্রিটিকাল কেয়ার ইউনিট এবং সি-আর্ম মেশিন চালু হওয়ায় ছোট-বড় কলকারখানার কর্মীরা উপকৃত হবেন। গত ৮ বছরে ইএসআই পরিষেবাতে রাজ্য সারা দেশের মধ্যে প্রথম স্থান অধিকার করছে বলেও মলয় বাবু জানিয়েছেন।

------------------------

মহারাষ্ট্র ও দিল্লির ভোটে অস্বাভাবিক হারে ভোটার সংখ্যা বৃদ্ধি নিয়ে কিছু দিন ধরেই তথ্য সহ অভিযোগ করছে বিরোধীরা। এই আবহে বারুইপুরের চম্পাহাটি পঞ্চায়েতের ভোটার তালিকা স্কুটিনি করতে গিয়ে মালদহ, মুর্শিদাবাদ, শিলিগুড়ির লোকজনের নাম উঠে এসেছে ভোটার তালিকায়। সূত্রের খবর,গত লোকসভা ভোটে পঞ্চায়েত এলাকার ভোটার সংখ্যা ছিল সাড়ে ১৮ হাজার থেকে ১৯ হাজার। চলতি বছরের জানুয়ারি মাসে ভোটার তালিকায় দেখা যায় ভোটার বেড়ে হয়ে গিয়েছে ২২ হাজার ৪০০। এরপর স্কুটিনি করতে এই ঘটনা ধরা পরে।

রাজ্যে তৃণমূল কংগ্রেস সরকার অনুপ্রবেশে মদত দিয়ে রোহিঙ্গাদের ভোটার তালিকায় জায়গা করে নিচ্ছে বলে বিজেপির রাজ্যসভার সাংসদ শমীক ভট্টাচার্য মন্তব্য করেছেন।

বাইট

বিজেপির অভিযোগ খারিজ করে অনুপ্রবেশের জন্য কেন্দ্রীয় সরকারকেই দায়ী করেছেন তৃণমূল কংগ্রেস মুখপাত্র কুনাল ঘোষ।

বাইট

-----------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল আকাশবাণীতে 'মন কি বাত' অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তাভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১১৯তম পর্ব।

অনুষ্ঠানটি সকাল ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি প্রচার তরঙ্গ, এআইআর নিউজ ওয়েবসাইট এবং নিউজ অন এআইআর মোবাইল অ্যাপে সম্প্রচার করা হবে। এআইআর নিউজ, ডিডি নিউজ, পিএমও এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ইউটিউব চ্যানেলগুলিতেও সরাসরি তা শোনা যাবে।

আকাশবাণীতে হিন্দি ভাষায় সম্প্রচারের ঠিক পরেই আঞ্চলিক ভাষায় তা সম্প্রচারিত হবে। রাত আটটায় আঞ্চলিক ভাষার তর্জমা পুনঃ প্রচারিত হবে।

-----------------------

পশ্চিমবঙ্গ সরকারের খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যানপালন দপ্তরের উদ্যোগে কোলকাতার নেতাজী ইন্ডোর স্টেডিয়ামে তিনদিনব্যাপী উদ্যানপালন ও খাদ্য উৎসবের

আজ শেষ দিন। ওয়েস্ট বেঙ্গল স্টেট সীড কর্পোরেশন লিমিটেড, কোকোনাট ডেভেলপমেন্ট বোর্ড ছাড়াও রাজ্যের বিভিন্ন জেলা থেকে কৃষি সমবায়, বিভিন্ন গোষ্ঠীর তরফ থেকে দেওয়া হয়েছে স্টল। মেলায় কৃষি যন্ত্র বিপণনকারী, খাদ্য প্রক্রিয়াকরণ, উদ্যাণপালন সংক্রান্ত বিভিন্ন সংস্থার স্টলে প্রদর্শনী ও বিক্রির জন্য রয়েছে চাষের কাজে ব্যবহৃত কোদাল, ছোট যন্ত্রপাতি, চারাগাছ। মালদা জেলার লিচুর মধু, আমসত্ত্ব, মেদিনীপুরের মাশরুম, উত্তর দিনাজপুর জেলার তুলাইপঞ্জি চাল, আলিপুরদুয়ার জেলার কালো চাল, আউশ ধানের চাল কিনতে ভিড় জমিয়েছেন ক্রেতারা।

আজ মেলায় বিভিন্ন স্টল ঘুরে দেখেন মুখ্য সচিব মনোজ পন্থ, দপ্তর ও রাজ্য সরকারের উচ্চ পদস্থ আদিকারিকরা। আজ শেষ দিনেঅ ভিড় চোখে পড়ার মতো।

------------------------

বাজারে মিনিকিট, বাঁশ কাঠির মত সরু চালের দাম বেশ কিছুদিন ঊর্ধ্বমুখী থাকায় সাধারণ মানুষ সমস্যায় পড়েছেন। এমতঅবস্থায় চালের দাম নিয়ন্ত্রণে আনতে রাজ্য সরকার বেশ কিছু পদক্ষেপ গ্রহণ করেছে। চালের বেআইনি মজুতদারি ও কালোবাজারি আটকাতে বাজারদর নিয়ন্ত্রণে গঠিত টাস্ক ফোর্স বাজার গুলিতে হানা দিচ্ছে। তবে নতুন চাল বাজারে আসার আগে এই সমস্যা পুরোপুরি কমবে না বলে রাইস মিল মালিক ও চাল ব্যবসায়ীদের একাংশ জানিয়েছেন।

অন্যদিকে বাজার দর নিয়ন্ত্রণে রাজ্য সরকার গঠিত টাস্ক ফোর্সের সদস্য রবীন্দ্রনাথ কোলে জানান, চাহিদার তুলনায় এখন চালের যোগানে টান পড়েছে। মূলত মিনিকিট, বাঁশকাঠি, গোবিন্দভোগ ইত্যাদি চালের দাম কেজি প্রতি দশ টাকা বা তারও বেশি বেড়েছে। অন্যদিকে রত্না ও অন্যান্য তুলনামূলক কম দামের চালও কেজি প্রতি

পায় ৫ টাকা বেড়ে গেছে। বিষয়টি মুখ্যমন্ত্রীর কাছে জানানো হয়েছে। তিনি নির্দেশ দিলে এব্যাপারে পরবর্তী পদক্ষেপ করা হবে।

-----------------------

সংস্কারের পর নিউ জলপাইগুড়ি রেলওয়ে কোর্টের আজ উদ্বোধন হয়েছে। উপস্থিত ছিলেন, কলকাতা হাইকোর্টের বিচারপতি বিশ্বজিত্ বসু এবং রেলের উচ্চ পদস্থ আধিকারিকরা। রেলপথে সংঘটিত অপরাধ বা টিকিট না কেটে সফর সহ বিভিন্ন মামলার শুনানি রেলকোর্টে হয়ে থাকে।

-----------------------

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে স্বাধীনতা সংগ্রামী যতীন্দ্রমোহন সেনগুপ্তর জন্মবার্ষিকী উপলক্ষে আজ তাকে স্মরণ করা হচ্ছে। কলকাতা পুরসভার পক্ষ থেকে আজ তাঁর জন্মবার্ষিকী উপলক্ষে কেওড়াতলা মহাশ্মশান সংলগ্ন স্থানে মূর্তিতে পুষ্পার্ঘ অর্পণ করে শ্রদ্ধা জানান কলকাতা পুরসভার চেয়ারপারসন, সাংসদ মালা রায়, কলকাতা পুরসভার মেয়র পরিষদ সদস্য ও বিধায়ক দেবাশীষ কুমার সহ বিশিষ্ট জনেরা।

-----------------------

বাসন্তী হাইওয়ের মিনাখার জয়গ্রাম মোড়ের কাছে আজ সন্ধ্যায় এক সড়ক দুর্ঘটনায় চারজন নিহত এবং  কম করেও ২০ জন জখম হয়েছেন। যাত্রীবাহী একটি বাস মালঞ্চের দিক থেকে মিনাখার দিকে আসার সময় নিয়ন্ত্রণ হারিয়ে একটি দোকানে ধাক্কা মারলে দোকানটি সম্পূর্ণ ভেঙে যায়। দোকানের ভিতরে থাকা এক মহিলা ও গাড়ি চালক সহ চার জনের মৃত্যু হয়েছে। হতাহতের সংখ্যা আরও বাড়তে পারে বলে আমাদের জেলা সংবাদদাতা পল্লব ঘোষ জানিয়েছেন।

------------------------

হুগলীর চন্ডীতলা থানার আইসি জয়ন্ত পালের বিরুদ্ধে বিভাগীয় তদন্ত চলছে। আজ তাকে একটি বেসরকারি হাসপাতাল থেকে ছেড়ে দেওয়া হয়। শিবপুর থানা এলাকার ঘোষপাড়ায় গত বুধবার রাতে বান্ধবীর সঙ্গে গাড়িতে বচসা চলাকালীন ঐ পুলিশ কর্মী নিজের হাতে গুলি চালিয়েছিলেন বলে জানা গেছে।

------------------------

মালদা পুরসভার চেয়ারম্যান কৃষ্ণেন্দু নারায়ন চৌধুরী-কে ডি কোম্পানির নাম করে হুমকি দেওয়ার তদন্তে পুলিশ শেখ সাহাদাদকে গ্রেপ্তার করেছে। ইংরেজ বাজার থানা এলাকার নিউ যদুপুর এর বাসিন্দা শেখ সাহাদাদ, কলকাতা থেকে ডি কোম্পানির নাম করে হুমকি ফোনটি করেছিল বলে জানা গেছে। তাকে ওই ফোন ও সিমকার্ড যোগাড় করে দিয়েছিল সহযোগীরা।

------------------------

দক্ষিণ ২৪ পরগণার জীবনতলায় বিপুল পরিমাণ কার্তুজ এবং দো-নলা বন্দুক উদ্ধারের ঘটনায় রাজ্য পুলিশের বিশেষ তদন্তকারী দল- এসটিএফ, আজ ফের বিবাদী বাগের অস্ত্রের দোকানে তল্লাশি চালিয়েছে। ঐ দোকানের গ্রেফতার হওয়া কর্মী জয়ন্ত দত্ত ও শান্তনু সরকারকে সঙ্গে নিয়ে আজ ঐ দোকানে যায় STF এর দল। বৈধ ব্যবসার আড়ালে অস্ত্র পাচার করা হতো কিনা তা তদন্ত করে দেখছেন আধিকারিকরা। গতকালও রাজ্য পুলিশের এসটিএফ, বিবাদি বাগের এই বৈধ অস্ত্রের দোকানে তল্লাশী চালিয়েছিলো। গতকালও রাজ্য পুলিশের এসটিএফ ঐ দোকানে তল্লাশি

চালায়, খতিয়ে দেখা হয় রেজিস্টার সহ নথীপত্র। এই ঘটনায় পুলিশ এখনো পর্যন্ত ৫ জনকে গ্রেফতার করেছে।

-----------------------

ঘূর্ণাবর্ত ও বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ বেড়ে যাওয়ায় আগামীকাল পর্যন্ত দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় ঝড় বৃষ্টির পূর্বাভাস রয়েছে। আজ ভারি বৃষ্টির কমলা সতর্কতা জারি রয়েছে বাঁকুড়া, পূর্ব বর্ধমান, নদীয়া, উত্তর ২৪ পরগণা, কলকাতায়। ঘন্টায় ৪০ থেকে ৫০ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া বয়ে যেতে পারে। দক্ষিণবঙ্গের বাকি জেলাগুলিতে জারি হয়েছে মাঝারি থেকে ভারি বৃষ্টির হলুদ সতর্কতা।

আবহাওয়া দফতরের পূর্বাঞ্চলীয় উপ-মহা নির্দেশক সোমনাথ দত্ত জানালেন –

(বাইট – সোমনাথ)

এদিকে, অসময়ের এই বৃষ্টিতে গরমের হাত থেকে কিছুটা স্বস্তি মিলেছে।

কলকাতায় আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা ২০ দশমিক ৬ ডিগ্রী সেলসিয়াস, স্বাভাবিকের তুলনায় যা ১ ডিগ্রী বেশী। সর্বোচ্চ তাপমাত্রা ২৮ দশমিক ৩ ডিগ্রী সেলসিয়াস, স্বাভাবিকের তুলনায় যা ২’ডিগ্রি কম।

-----------------------

হুগলির ডানকুনিতে পতাকা উত্তোলন ও শহীদ বেদীতে মাল্যদানের মধ্য দিয়ে সিপিআইএম এর ২৭ তম রাজ্য সম্মেলনের সূচনা হয়েছে। পার্টির কেন্দ্রীয় কমিটির আহ্বায়ক প্রকাশ কারাত , রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম সহ নেতৃবৃন্দ শহীদ বেদীতে মাল্যদান করে শ্রদ্ধা জ্ঞাপন করেন।

রাজ্য সম্মেলনে পলিটব্যুরো সদস্য মানিক সরকার, বৃন্দা কারাত, সূর্যকান্ত মিশ্র, এম এ বেবি, তপন সেন, নীলোৎপল বসু, রামচন্দ্র ডোম প্রমুখ নেতৃবৃন্দও উপস্থিত রয়েছেন।

-----------------------

দিল্লির জওহরলাল নেহেরু স্টেডিয়ামে আজ বিকেলে আইএসএল ফুটবলের ম্যাচে ইস্টবেঙ্গল ৩-১ গোলে পাঞ্জাব এফসিকে হারিয়ে দিয়েছে। ইস্টবেঙ্গলের হয়ে ম্যাচের ১৫, ৪৭ ও ৫৪ মিনিটে গোলগুলি করেন দিমিত্রিয়স দিয়ামানতাকোস, নাওরেম মহেশ ও লালচুংনুংগা। পাঞ্জাবের হয়ে ম্যাচের ৬২ মিনিটে একমাত্র গোলটি করেন ইজেকুয়েল ভিদাল। এই ম্যাচে জয়ের ফলে ইস্টবেঙ্গল ২১ ম্যাচে ২৪ পয়েন্ট সংগ্রহ করে লিগ তালিকায় দশম স্থানে উঠে এসেছে। সমসংখ্যক ম্যাচ খেলে একই পয়েন্ট সংগ্রহ করে পাঞ্জাব একাদশ স্থানে নেমে গেছে।

----------------------- -----------------------